



আরব আমিরাতে লক্ষ্য করে ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা



সংগৃহীত ছবি

উপসাগরীয় অঞ্চলে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে ইরান ও সংযুক্ত আরব আমিরাতকে ঘিরে। আবুধাবির দাবি অনুযায়ী, তাদের দিকে মোট চারটি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইরান। এর মধ্যে তিনটি ক্ষেপণাস্ত্র আকাশেই প্রতিহত করা সম্ভব হয়েছে, আর একটি গিয়ে পড়ে সমুদ্রে।

সোমবার (৪ মে) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা এই তথ্য প্রকাশ করে জানায়, হামলার পরপরই আরব আমিরাতের জাতীয় জরুরি সংকট ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সতর্কতা জারি করে। তারা জানায়, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা সম্ভাব্য হুমকির বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে সক্রিয় করা হয়। এর প্রায় দুই ঘণ্টা আগে আরেক দফা সতর্কবার্তাও দেওয়া হয়েছিল।

অন্যদিকে ইরানের পক্ষ থেকে দাবি করা হয়েছে, তারা ড্রোন হামলা চালিয়েছে এবং এর ফলে ফুজাইরাহ এলাকার একটি পেট্রোলিয়াম স্থাপনায় আগুন ধরে যায়। তবে ফুজাইরার স্থানীয় প্রশাসন জানিয়েছে, একটি শিল্পাঞ্চলে বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলেও এর উৎস নিয়ে বিস্তারিত তদন্ত চলছে।

এর আগেও একই অঞ্চলে উত্তেজনা তৈরি হয়েছিল, যখন ইরান দাবি করে যুক্তরাষ্ট্রের একটি যুদ্ধজাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়েছে। যদিও মার্কিন সেন্ট্রাল কমান্ড ওই দাবি নাকচ করে দেয়।